



ভর্তি বিজ্ঞপ্তি



বিকরগাছা সরকারি বহুমুখী মডেল হাই স্কুল, যশোর এর ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে <https://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া ২৮/১০/২০২৩ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ১৪/১১/২০২৩ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি- পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবে। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ২০২৪ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ১১+ বছর নির্ধারিত হবে।

সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। অন-লাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী www.dshe.gov.bd এর Secondary circular/order ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে। অন-লাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত www.dshe.gov.bd www.teletalk.com.bd উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা যশোর মহদয়ের ওয়েবসাইট <http://jhikargacha.jessore.gov.bd> বিকরগাছা সরকারি বহুমুখী মডেল হাই স্কুল, যশোর এর ওয়েবসাইট www.jmlmss.edu.bd ও ফেসবুক পেইজ [jhikargacha govt ml model migh school, jashore https://www.facebook.com/jmlmss.edu.bd](https://www.facebook.com/jmlmss.edu.bd) স্কুলের নোটিশ বোর্ড থেকে বিস্তারিত জানা যাবে। স্কুল চলাকালীন সময়ে তথ্য জানা যাবে।

প্রয়োজনে যোগাযোগ: ০১৭১৯-৫৬৯৪৭১, ০১৭১৫-২৬৭৬৮৫, ০১৭৫৬-৭৭৯৪৭৬, ০১৭১৭-৮৮৬১৩৭।

আসন সংখ্যা

শ্রেণি	শিক্ষার্থী সংখ্যা
৬ষ্ঠ	১১০ জন
৮ম	৩৫ জন
৯ম	২৩ জন

প্রধান শিক্ষক
বিকরগাছা সরকারি বহুমুখী মডেল মাধ্যমিক বিদ্যালয়, যশোর
ও
সদস্য সচিব
ভর্তি কমিটি ২০২৪ শিক্ষাবর্ষ

উপজেলা নির্বাহী অফিসার
বিকরগাছা, যশোর
ও
সভাপতি
ভর্তি কমিটি ২০২৪ শিক্ষাবর্ষ